

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ১০টি প্রতিষ্ঠানকে ১.৩৪ লক্ষ টাকা জরিমানা

২৬ জুলাই ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, নওগাঁ, টাঙ্গাইল ও ময়মনসিংহে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর পল্লবী এলাকায় সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য এর অপরাধে তালুকদার ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরীকে ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা এবং মিরপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে পিওর বেকারী ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরীকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকাসহ মোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ এর মহাদেবপুর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইলের বাসাইল উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ময়মনসিংহের ফুলপুর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১,০০০/- (এক হাজার) টাকাসহ মোট ২৬,০০০/- (ছাব্বিশ হাজার) টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় এবং খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ভ্যালেন্টাইন ক্যাফেকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে স্টার সিনেপ্লেক্স বসুন্ধরা শপিংমল (ফুড) কে ৩,০০০/- (তিন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

আজকের ৪টি বাজার তদারকি ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ১০টি প্রতিষ্ঠানকে মোট ১,৩৪,০০০/- (এক লক্ষ চৌত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ২ জন অভিযোগকারীকে মং ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা ও রাজশাহী মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, নওগাঁ, টাঙ্গাইল ও ময়মনসিংহ।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, নওগাঁ, টাঙ্গাইল ও ময়মনসিংহ।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।